যুগান্তর

DEC. 06 2001

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ১ কলাম ৭

# ঢাবি শিক্ষক সমিতি নির্বাচন জমে উঠেছে

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নির্বাচনকে কেন্দ্র করে শিক্ষক রাজনীতি জমে উঠেছে। ১১ ডিসেম্বর অনুষ্ঠিতব্য নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছেন আওয়ামী লীগপন্থী 'নীল' এবং বিএনপি ও জামায়াতপন্থী 'সাদা' দলের শিক্ষক প্রার্থীরা। প্রগতিশীল শিক্ষকদের 'গোলাপী' দল এবার নির্বাচনে অংশ নিচ্ছে না। সমিতির কার্যকরী পরিষদের মোট ১৫টি পদে দু'টি দলের ৩০ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। শিক্ষক ভোটার সংখ্যা সাড়ে

নির্বাচন : পৃষ্ঠা ২ কলাম ৭

## নির্বাচন : ঢাবি

(৩য় পৃষ্ঠার পর)

১১শ'। এবারের নির্বাচনে বিজয়ী হতে প্রার্থীরা ইতিমধ্যে জোর প্রচারণা শুরু করেছেন। শিক্ষক লাউঞ্জ, ক্লাব, অফিস কক্ষ এমনকি বাসায় বাসায় গিয়ে প্রার্থীরা ভোট চাইছেন।

নীল দলের মনোনীত প্রার্থীরা হলেন সভাপতি পদে ড. এজেডএম নওশের আলী খান (উদ্ভিদ বিজ্ঞান বিভাগ), সহ-সভাপতি ড. মোঃ হোসেন মনসুর (ভূতত্ত্ব), সাধারণ সম্পাদক শরিফ উল্লাহ ভূইয়া (ইতিহাস), যুগ্ম সম্পাদক ড. মুজিব উদ্দিন আহমেদ (হিসাব বিজ্ঞান), কোষাধ্যক্ষ ড. এসএম মাহফুজুর রহমান (ফিন্যান্স এন্ড ব্যাংকিং) এবং সদস্য পদে ড. অজয় কুমার দাস (ফলিত রসায়ন ও রাসায়নিক প্রযুক্তি), ড. আআমস আরেফিন সিদ্দিক (গণযোগাযোগ ও সাংবাদিকতা) ড. আরআইএম আমীনুর রশীদ (পদার্থ বিজ্ঞান), ড. এসএম ইমামুল হক (মৃত্তিকা, পানি ও পরিবেশ), খোন্দকার মোঃ আশরাফ হোসেন (ইংরেজি), ড. তোফায়েল আহমদ চৌধুরী (রসায়ন), ড. নাজমা শাহীন (পুষ্টি ও খাদ্য বিজ্ঞান), ড. মোঃ আনোয়ার হোসেন (প্রাণ রসায়ন), ড. মোঃ আশরাফ উদ্দিন চৌধুরী (অর্থনীতি) ও ড. সুলতানা শফি (পদার্থ বিজ্ঞান বিভাগ)।

সাদা দলের প্রার্থীরা হলেন সভাপতি পদে ড. আফম ইউসুফ হায়দার (পদার্থ বিজ্ঞান), সহ-সভাপতি ড. আবুল খায়ের (রসায়ন), সাধারণ সম্পাদক ড. ইয়ারুল কবীর (প্রাণ রসায়ন), যুগ্ম সম্পাদক মিসেস তাহমিনা আখতার টফি (সমাজ কল্যাণ), কোষাধ্যক্ষ ড. আনোয়ার হোসেন (ব্যবসায় প্রশাসন) এবং সদস্য পদে আবু আহমেদ (অর্থনীতি), ড. আবুল কালাম মনজুর মোরশেদ (বাংলা), ড. একেএম সিরাজুল ইসলাম খান (অনুজীব বিজ্ঞান), ড. তাজমেরী সেলিমা আখতার ইসলাম (রসায়ন), ড. মোঃ আবুল বাশার (প্রাণিবিদ্যা), মোঃ আসাদুজ্জামান (লোক প্রশাসন), মোঃ ফেরদৌস হোসেন (রাষ্ট্রবিজ্ঞান), ড. মাহবুবুর রহমান (মৃত্তিকা, পানি ও পরিবেশ), সৈয়দ আবুল কালাম আজাদ (মার্কেটিং) ও ড. সৈয়দ রাশিদুল হাসান (মার্কেটিং বিভাগ)।

কেন গোলাপী দল প্যানেল জমা দেয়নি– এ প্রশ্নের জবাবে দলের আহ্বায়ক অধ্যাপক মোহাম্মদ আবু জাফর বললেন, 'কৌশলগত কারণে আমরা নির্বাচনে অংশ নিচ্ছি না। দলীয় সভায় সার্বিক পরিস্থিতি বিবেচনা করেই এ সিদ্ধান্ত নেয়া হয়েছে। তবে কোন একটি দলকে সমর্থনের ব্যাপারেও কোন সিদ্ধান্ত হয়নি। কেননা আমরা কখনোই কোন রাজনৈতিক দলের লেজুড়বৃত্তিকে সমর্থন করি না।' গোলাপী দলের শতাধিক ভোটার রয়েছে।